

## প্রশিক্ষণ ক্যাম্প ও প্রশিক্ষণ সংক্রান্ত সাধারণ নির্দেশিকা

### ১। প্রশিক্ষণ ক্যাম্পের অবস্থান :

ঢাকা জেলাধীন সাভার উপজেলার ঢাকা-আরিচা মহাসড়কে বিপিএটিসি'র উত্তর দিকে সিএভি বাসস্ট্যান্ড এর সংলগ্ন “বিসিএস লাইভস্টক একাডেমি” এর মসজিদ সংলগ্ন মাঠ।

### ২। যোগাযোগ ব্যবস্থা :

ঢাকা থেকে প্রায় ২০ কিলোমিটার দূরে আরিচা মহাসড়কে সাভার উপজেলাধীন বিপিএটিসি'র উত্তরে এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দক্ষিণে সিএভি বাসস্ট্যান্ড এর সংলগ্ন “বিসিএস লাইভস্টক একাডেমি” মসজিদ সংলগ্ন মাঠে (আনোয়ার জং সড়ক এ) স্থাপিত এ প্রশিক্ষণ ক্যাম্পটি অবস্থিত। দেশের বিভিন্ন এলাকা থেকে আগত অফিসারগণকে বাস যোগে এসে “সিএভি বাসস্ট্যান্ডে” নামতে হবে। সেখান থেকে পায়ের হেঁটেই প্রশিক্ষণ ক্যাম্পে যাওয়া যাবে।

### ৩। খাওয়ার ব্যবস্থা :

প্রশিক্ষণার্থীগণের খাওয়ার জন্য তাবুর ব্যবস্থা করা হয়েছে। প্রতিটি তাবুতে একটি করে খাটের ব্যবস্থা থাকে। বিছানা/বেডিং সরবরাহ করা হবে না এবং কোনো প্রশিক্ষণার্থীর পরিবারের সদস্য বা অতিথিদের জন্য কোনো বাসস্থানের ব্যবস্থা এখানে থাকবেনা।

### ৪। খাওয়ার ব্যবস্থা :

রান্নার জন্য রান্নাঘরের ব্যবস্থা থাকবে এবং অফিসারগণ ইচ্ছা করলে নিজ উদ্যোগ/সম্মিলিতভাবে খাওয়ার ব্যবস্থা করতে পারবেন। হাড়ি-পাতিল ও চুলা সরবরাহ করা হবে। প্রত্যেক অফিসার একজন আর্দালী পিয়ন সাথে করে নিয়ে আসতে পারবেন। প্রশিক্ষণার্থীগণকে আর্দালী/পিয়নের বেতন-ভাতাদি নিজ নিজ অফিস থেকে পরিশোধ করতে পারবেন।

### ৫। বাজার :

সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ ক্যাম্প থেকে মাত্র ১.৫ কিলোমিটার দক্ষিণে সাভার বাস স্টপেজে একটি বাজার এবং ক্যাম্প সংলগ্ন কলমাতে একটি বাজার রয়েছে। প্রশিক্ষণার্থীগণ এ দুটি বাজার থেকে তাদের প্রয়োজনীয় পন্য সামগ্রী ও দৈনন্দিন কেনাকাটা করতে পারবেন।

### ৬। বইপত্র :

লিখিত পরীক্ষা এবং প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ সম্পর্কে স্পষ্ট ধারণা লাভের জন্য এবং কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত পরীক্ষায় অংশগ্রহণের সুবিধার্থে প্রশিক্ষণার্থীগণ নিম্নবর্ণিত আইন, বিধি ও ম্যানুয়াল সংগ্রহ করতে পারেন : (১) এস.এ এন্ড টি এ্যান্ট, ১৯৫০, (২) প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫, (৩) দি টেকনিক্যাল রুলস অব ইনস্ট্রাকশন অব সেটেলমেন্ট ডিপার্টমেন্ট, ১৯৫৭, (৪) এস,এস ম্যানুয়াল, ১৯৩৫, (৫) সার্ভে এ্যান্ট- ১৮৭৫, (৬) উত্তরাধিকার আইন (হিন্দু, মুসলিম, বৌদ্ধ ও খ্রীস্টিয়)।

### ৭। পোষাক ও আনুষঙ্গিক দ্রব্যাদি :

মাঠে কাজ করার উপযোগী কাপড় শার্ট, প্যান্ট (মহিলাদের ক্ষেত্রে সালোয়ার কামিজ), জুতা, মজবুত কেডস, হ্যাট/ক্যাপ, কেটলী, টর্চলাইট, মশারী, বিছানা-পত্র, গ্লাভস ইত্যাদি সংগে আনতে হবে।

### ৮। স্বাস্থ্য :

প্রশিক্ষণার্থীগণ স্ব-উদ্যোগে প্রশিক্ষণ ক্যাম্পে যোগদানের পূর্বে প্রয়োজনীয় প্রতিষেধক টিকা/ইনজেকশন গ্রহণ করবেন। তবে প্রাথমিক চিকিৎসা দেওয়ার জন্য প্রশিক্ষণ ক্যাম্পে একজন খন্ডকালীন চিকিৎসক নিয়োজিত থাকবেন।

### ৯। ছুটি :

যৌথ ক্যাম্পে সাপ্তাহিক ছুটি এবং অন্যান্য সরকারি ছুটি ভোগ করা যাবে। তবে সেক্ষেত্রে ক্যাম্প অফিসারের অনুমতি গ্রহণপূর্বক ক্যাম্পে রক্ষিত রেজিস্টারে নাম লিপিবদ্ধ করে ক্যাম্প ত্যাগ করতে হবে। উল্লেখ্য যে, এটি একটি সম্পূর্ণ আবাসিক ও সার্বক্ষণিক প্রশিক্ষণ।

### ১০। বিনোদন :

ক্যাম্পে ভলিবল, ক্যারাম, দাবা ও ব্যাডমিন্টন খেলার ব্যবস্থা থাকবে। ব্যাডমিন্টন খেলার র্যাকেট ও কর্ক প্রশিক্ষণার্থীগণকে নিজ উদ্যোগে সংগ্রহ করতে হবে। তারা ইচ্ছা করলে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে বিনোদনমূলক অনুষ্ঠানের আয়োজন করতে পারবেন।